**<u>নিয়োগ বিজ্ঞপ্তি</u>**

**ঢাকা বিশ্ববিদ্যালয় :** বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টা: ৩৫,৫০০-৬৭,০১০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহিদ বুদ্ধিজীবী ডা. মোহাম্মদ মোর্তজা মেডিকেল সেন্টারের ১(এক)টি শূন্য মেডিকেল অফিসার (৬ষ্ঠ গ্রেড) পদ পূরণের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীকে এম.বি.বি.এস পাশসহ বিএমডিসি কর্তৃক স্বীকৃতপ্রাপ্ত হতে হবে। প্রার্থীকে কোনো চিকিৎসা কেন্দ্রে বা অনুরূপ প্রতিষ্ঠানে ০৩ বছরের কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাগত যোগ্যতা,অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতার সনদপত্রসমূহ আবেদনের (যদি থাকে) সঙ্গে সংযুক্ত করতে হবে। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/-(সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) সেট দরখাস্ত **আগামী ২৩-০৪-২০২৬ তারিখের** মধ্যে রেজিস্ট্রারের **(২০৩ নং কক্ষে)** নিকট পৌঁছাতে হবে।